

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
অডিট-২ অধিশাখা।
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র।

স্মারক নং ৪৬.০৪৯.০৩৩.০২.০০০০.০০১.২০১৮-

৪৪৭

তারিখ : ১৫/০৮/১৮ খ্রিঃ।

বিষয় : অডিট অধিদপ্তরের মন্তব্যের ভিত্তিতে নিষ্পত্তিমূলক জবাব প্রেরণ।

- সূত্র : (ক) স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের স্মারক নং-১৭৯২,১৭৯১,তারিখ-২৭/০৫/২০১৮ খ্রিঃ এবং স্মারক নং-১৭৫৫,১৭৪৫,তারিখ-
১০/০৫/২০১৮ খ্রিঃ এবং স্মারক নং-১৭০৬,তারিখ-২৪/০৪/২০১৮ খ্রিঃ এবং স্মারক নং-১৭৮৫,তারিখ-২৩/০৫/২০১৮ খ্রিঃ
(খ) স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের স্মারক নং-১৭৭২, তারিখ -৩০/০৪/২০১৮ খ্রিঃ
(গ) স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের স্মারক নং-১৭৪২, তারিখ-০৭/০৫/১৮ খ্রিঃ
(ঘ) স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের স্মারক নং-৫০৩, তারিখ-১৩/০৫/১৮ খ্রিঃ
(ঙ) স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের স্মারক নং-৫০২, তারিখ-১৩/০৫/১৮ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তাঁর কার্যালয় হতে প্রেরিত জবাবের আলোকে স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর হতে মন্তব্যপত্র প্রেরণ করা হয়েছে (কপি সংযুক্ত)। অডিট অধিদপ্তরের মন্তব্য অনুযায়ী যে সকল অডিট আপত্তি নিষ্পত্তি হয়নি, সে সকল অডিট আপত্তির উপর অডিট অধিদপ্তরের মন্তব্যের চাহিদা অনুযায়ী উপর্যুক্ত প্রমাণকসহ পুনরায় জবাব প্রেরণ করা প্রয়োজন।

এমতাবস্থায়, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের মন্তব্য অনুযায়ী (অডিট অধিদপ্তর কর্তৃক নিষ্পত্তিকৃত আপত্তির ক্ষেত্রে জবাব প্রেরণের আবশ্যিকতা নেই) তাঁর সংশ্লিষ্ট স্মারকের অনিষ্পন্ন অডিট আপত্তির ২(দুই) সেট নিষ্পত্তিমূলক জবাব নিম্নোক্ত "ছক" ও নির্দেশনা মোতাবেক আগামী ১০ (দশ) কার্য দিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

ছক

আপত্তির সন ও অনুঃ নং	অডিট আপত্তির শিরোনাম ও আপত্তির বিস্তারিত বিবরণ	স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের সর্বশেষ মন্তব্য	স্থানীয় অফিসের জবাব	নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ/মন্ত্রণালয়ের মন্তব্য
১	২	৩	৪	৫

সংযুক্ত : বর্ণনামতে।

অনুসরণীয় নির্দেশনা

- (ক) শুধুমাত্র অগ্রিম অনুচ্ছেদসমূহের জবাব মন্ত্রণালয় প্রেরণ করতে হবে।
(খ) আপত্তিকৃত সকল অর্থ যথাযথ খাতে জমাপূর্বক প্রমাণকসহ পৃথক পৃথক ভাবে ২(দুই) সেট জবাব প্রেরণ করতে হবে।
(গ) স্থানীয় অফিসের জবাবের মধ্যে চালান নং তারিখ ও টাকার পরিমাণ উল্লেখ করতে হবে।
(ঘ) চালানের মাধ্যমে টাকা জমার স্বপক্ষে নামাংকিত সীলসহ সিটিআর/আইবাস প্রেরণ করতে হবে।
(ঙ) প্রতি পাতায় একটি করে জবাব এবং জবাবের সাথেই প্রমাণক সংযুক্ত করতে হবে।
(চ) সকল প্রমাণক সত্যায়িত করে প্রেরণ করতে হবে।
(ছ) সকল স্বাক্ষরের নিচে নামাংকিত সিল ব্যবহার করতে হবে।
(জ) টাকার অংক উল্লেখপূর্বক আপত্তির শিরোনাম ও বিস্তারিত বিবরণে উল্লেখ করতে হবে।
(ঝ) ৫ নং কলাম সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক পূরণযোগ্য নয়।

- ১। মেয়র, শিবগঞ্জ পৌরসভা, চাঁপাইনবাবগঞ্জ।
২। মেয়র, পিরোজপুর পৌরসভা, পিরোজপুর।
৩। মেয়র, বোয়ালমারী পৌরসভা, ফরিদপুর।
৪। মেয়র, সাভার পৌরসভা, ঢাকা।
৫। মেয়র, বরুড়া পৌরসভা, কুমিল্লা।

অনুলিপি কার্যার্থে ও জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন/নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
২। যুগ্ম সচিব (অডিট/নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ।
৩। মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হল)।
৫। অফিস কপি।

(এ.কে.এম. আনিছুলজ্জামান)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৪০৩২৬।